

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ বাণিজ্য দপ্তর সরকারী কার্যভবন -১,
আগ্রাবাদ, চট্টগ্রাম।

ফোন : ৭২৪১৪০, ৭২১৯০২, ফ্যাক্স : ৭২৪৯৫৪

নং : ১৮.১৭.১৫০০.১০১.১১.০০১.১৮/

তারিখ : ১৪/১০/২০১৯ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

অত্র দপ্তরের অধীনস্থ কক্সবাজার, কুতুবদিয়া ও সেন্টমার্টিন বাতিঘর সমূহের জন্য নিম্নলিখিত শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
১।	অফিস সহায়ক (লস্কর)	৮,২৫০/- ২০,০১০/- (গ্রেড-২০)	৩ (তিন)টি	অষ্টম শ্রেণী পাস	চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, নোয়াখালী, ব্রাহ্মণবাড়িয়া, ফেনী, কুমিল্লা, মাদারীপুর, খুলনা, মুন্সীগঞ্জ, সিরাজগঞ্জ।

শর্তাবলীঃ

- আগ্রহী প্রার্থীদের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নির্ধারিত ফরমে দরখাস্ত দাখিল করতে হবে। নমুনা ফরম অত্র দপ্তরের নিজস্ব ওয়েবসাইট (www.mmd.gov.bd) হতে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।
- আবেদনকারীর বয়সসীমা আগামী ৩০শে নভেম্বর, ২০১৯ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বৎসর। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং তাদের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ হতে ৩২ বৎসর।
- প্রার্থীর সাম্প্রতিক তোলা ৩ (তিন) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- সরকারী নীতিমালা ও নির্দেশনামুযায়ী জেলা কোর্ট/বিশেষ কোর্ট ইত্যাদি যথাযথভাবে অনুসরণ করা হবে।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং তাদের সন্তানদের ক্ষেত্রে অবশ্যই মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেট যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত এবং সত্যায়িত অনুলিপি দিতে হবে।
- চাকুরিরত প্রার্থীদের নিজ নিজ বিভাগীয় কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- পরীক্ষার ফি বাবদ প্রার্থীদেরকে আবেদনপত্রের সাথে প্রিন্সিপাল অফিসার, নৌ বাণিজ্য দপ্তর, চট্টগ্রাম এর অনুকূলে কোড নং : ১৫-২৩৫-০০০০-২৬৮১ তে ৫০/- (পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে তার মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদনকারীকে খামের উপর পদের নাম, নিজ জেলা ও বিশেষ কোর্টার (প্রযোজ্য ক্ষেত্রে) নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগের ঠিকানা লিখিত এবং ১০ (দশ) টাকা মূল্যমানের ডাক টিকেট সংযুক্ত একটি ফেরত খাম (১০' x ৪.৫' ইঞ্চি মাপের) আবেদনপত্রের সাথে দিতে হবে। আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর নৌ বাণিজ্য দপ্তর, সরকারী কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম-৪২০০ ঠিকানায় আগামী ৩০শে নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে ডাকযোগে অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে। উক্ত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- দরখাস্তের সাথে দাখিলকৃত সকল অনুলিপি/ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র এবং নাগরিকত্ব সনদের কপি দাখিল করতে হবে।
- অস্পষ্ট ও ত্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচী সম্পর্কে প্রার্থীদেরকে যথাসময়ে ডাকযোগে তাদের বর্তমান ঠিকানায় পত্র মারফত জানানো হবে। পরীক্ষায় অংশ গ্রহণের জন্যে কোন প্রকার ভাতাদি প্রদান করা হবে না।
- লিখিত ও ব্যবহারিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে উত্তীর্ণ প্রার্থীদেরকে সাক্ষাতের জন্য ডাকা হবে। সাক্ষাতের সময় প্রার্থীগণকে তাদের শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও নাগরিকত্ব সনদের মূল কপি দেখাতে হবে।
- নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- কোন কারণ দর্শানো ব্যতীতই যেকোন আবেদনপত্র বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

প্রিন্সিপাল অফিসার

নৌ বাণিজ্য দপ্তর, চট্টগ্রাম।

জি-১১৮/১৯ (৫' x ২)